দৈনিক জনকণ্ঠ

10

তারিখ ... OCT 30 1998 ...
পৃষ্ঠা ৩ ... কলাম ৫ ......

## প্রকাশিত প্রতিবেদন সম্পর্কে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের বক্তব্য

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড গত ২৭ অক্টোবর দৈনিক জনকণ্ঠে প্রকাশিত 'দু'কোটি শিক্ষার্থীর পাঠ্যবই সময়মতো বের হচ্ছে না' শীর্ষক প্রতিবেদনের প্রেক্ষিতে নিজস্ব বক্তব্য প্রদান করেছে। এতে বলা হয়, গত বছর ১৯৯৮ সালে সরকার কর্তৃক নতুনভাবে প্রবর্তিত প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক বিতরণ ব্যবস্থায় ঐ বছর ১৯৯৯ শিক্ষাবর্ষের প্রাথমিক স্তরের ছাত্রছাত্রীদের জন্য মোট ৫ কোটি ৫৪ লাখ ৭৯ হাজার ৬১৩ কপি পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণের লক্ষ্যে মাত্র ১৬১ প্রেসকে অক্টোবর '৯৮ মাসের শেষের দিকে কার্যাদেশ প্রদান করে বিভিন্ন মহলের আশঙ্কা সত্ত্বেও মুদ্রণ ও বিতরণ কাজ সম্পন্ন করে সঠিক সময়ে শিক্ষার্থীদের হাতে পাঠ্যপুস্তক পৌঁছে দেয়া সম্ভব হয়েছিল। এ বছর প্রায় একই সংখ্যক পাঠ্যপুস্তক মুদ্রণের জন্য ৬০০-এর অধিক সংখ্যক প্রেসের মাধ্যমে মুদ্রণ ও বিতরণ করা হচ্ছে। সুতরাং গত বছরের তুলনায় প্রেসের সংখ্যা বেশি হওয়ায় পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণে কোন অসুবিধা হবে না বলে বোর্ড আশা করে।-বিজ্ঞপ্তি